# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

**পরিসংখ্যান বিভাগ**

০৪ ভাদ্র , ১৪১৭ ।

পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং- ০১/২০১০ তারিখঃ -------------------

১৯ আগস্ট, ২০১০ ।

ব্যবস্থাপনা পরিচালক /প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

**SBS-2 ও SBS-3 বিবরণী Reporting প্রসংঙ্গে ।**

বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ এর ৩৬(৩) ধারা মোতাবেক বাণিজ্যিক ব্যাংকসমূহ পরিসংখ্যান বিভাগে ত্রৈমাসিক ভিত্তিতে SBS-2 ও SBS-3 বিবরণী দাখিল করে আসছে। দেশের আর্থিক পরিকল্পনার ক্ষেত্রে বিবরণীগুলো খুবই গুরুত্বপূর্ণ বিধায় তথ্য/উপাত্তগুলো নির্ভুল হওয়া অত্যাবশ্যক। দাখিলকৃত বিবরণীগুলোকে সঠিক ও ত্রুটিমুক্ত করার লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে যা বাণিজ্যিক ব্যাংকগুলোর জন্য অবশ্যই পরিপালনীয় ঃ

১) গ্রাহকের নতুন একাউন্ট খোলার সময় SBS-2 ও SBS-3 Reporting Form টি (সংযুক্ত) পূরণ করতে হবে যা Account Opening Form এর সংঙ্গে সংযুক্ত আকারে সংরক্ষন করতে হবে ।

২) শাখার অভিজ্ঞ (SBS-2 ও SBS-3 Reporting বিষয়ে) কর্মকর্তা দ্বারা এ Form টি পূরণ করতে হবে ।

৩) ত্রৈমাসিক ভিত্তিক SBS-2 ও SBS-3 বিবরণী Report করতে একাউন্ট খোলার সময় পূরণকৃত Form এর Codeসমূহ একাউন্ট ভিত্তিক সন্নিবেশিত করতে হবে ।

৪) এই নির্দেশ জারির ৬ মাসের মধ্যে পুরাতন সকল একাউন্ট সংযুক্ত নতুন Coding Form দ্বারা Update করতে হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আব্দুস সাত্তার মিয়া)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৩৯